দৈনিক ইত্তেফাক

তারিখ ··· JUN 2 ৪ 1999

পৃষ্ঠা ১৮ কলাম ৩

২॥




*গতকাল বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন জেলা প্রশাসকের বরাবর প্রধানমন্ত্রীর নিকট মিছিল সহকারে স্মারকলিপি পেশ করে*

# শিক্ষকদের ১৫ ও ৭ দফা দাবী ॥ সমাবেশ ও স্মারকলিপি পেশ

**ইত্তেফাক রিপোর্ট ॥** সরকারী-বেসরকারী স্কুল-কলেজের শিক্ষকদের ১৫ ও ৭ দফা দাবী আদায়ের লক্ষ্যে গতকাল (সোমবার) দেশের সকল জেলা সদরে বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের উদ্যোগে মিছিল শেষে জেলা প্রশাসকের মাধ্যমে প্রধানমন্ত্রীর বরাবরে স্মারকলিপি পেশ করা হয়। ঢাকায় ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের নেতৃত্বে ঢাকা মহানগর ও জেলার স্কুল ও কলেজ শিক্ষকগণ বাহাদুর শাহ পার্কে সমাবেশ শেষে ঢাকার অতিরিক্ত জেলা প্রশাসকের বরাবরে স্মারকলিপি পেশ করেন। আলী আকবর খান ডলারের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে কাজী ফারুক আহমেদ, মোঃ সেলিম ভুঞা, মোঃ তোহা ও আবদুর রব মিয়া বক্তব্য রাখেন।

ফেডারেশনের ১৫ দফা দাবীর মধ্যে (২য় পৃষ্ঠায় ২-এর কঃ দ্রঃ)

## শিক্ষকদের

(শেষ পৃষ্ঠার পর)

রহিয়াছে শিক্ষকদের শতকরা ১০০ ভাগ মূল বেতন প্রদান, সরকারী-বেসরকারী শিক্ষকদের পদোন্নতি, জমিরউদ্দিন সরকারের আমলে প্রণীত জনবল কাঠামো প্রত্যাহার, আয়কর বিভাগের হয়রানি বন্ধ করা, বেসরকারী শিক্ষকদের জন্য পাবলিক সার্ভিস কমিশন গঠন, শিক্ষকদের জন্য ইউনেস্কো ও আইএলও সুপারিশমালার বাস্তবায়ন, ছাত্র-ছাত্রীদের জন্য লাইব্রেরী ও ল্যাবরেটরী উন্নয়ন প্রভৃতি। আগামী ২২শে জুন ঢাকায় ফেডারেশনের জাতীয় প্রতিনিধি সভায় আন্দোলনের পরবর্তী কর্মপন্থা নির্ধারণ করা হইবে।